

ঝালকালী জেলার বিষখালী নদীতে মালবাহী ট্রলার ডুবির ঘটনায় নৌবাহিনীর উদ্ধার অভিযান

১। সোলামে কর্মরত লেঃ কমান্ডার মোখলেছুর রহমান, (এস), বিএন (পি নং ২০৮৪) এর নেতৃত্বে ১১ সদস্যের একটি ডুবুরীদল সরকারী যানবাহনযোগে ঝালকালী জেলার কাঠালিয়া উপজেলাস্থ বিষখালী নদীতে মালবাহী ট্রলার ডুবির ঘটনায় হতাহতদের উদ্ধার কার্যে অংশগ্রহণের নিমিত্তে ১৬০৫ ঘটিকায় তিতুমীর ত্যাগ করে এবং ২২৪০ ঘটিকায় ঘটনাস্থলে পৌছায়। আগামীকাল হতে উদ্ধার অভিযান পরিচালনা করা হবে বলে জানা যায়।



২। সোলামে কর্মরত লেঃ কমান্ডার মোখলেছুর রহমান, (এস), বিএন (পি নং ২০৮৪) এর নেতৃত্বে ১১ সদস্যের একটি ডুবুরীদল ঝালকালী জেলার কাঠালিয়া উপজেলাস্থ বিষখালী নদীতে মালবাহী ট্রলার ডুবির ঘটনায় ১১৪০ হতে ১৬৩৫ ঘটিকা পর্যন্ত উদ্ধার কাজ পরিচালনা করে এবং উদ্ধার অভিযানে ০২টি কন্সল ও ০১টি লেপ পাওয়া যায়। উল্লেখ উক্ত উদ্ধার কাজ আগামীকাল ০৭৪৫ ঘটিকা শুরু করা হবে বলে জানা যায়।



৩। ঝালকাঠী জেলার কাঠালিয়া উপজেলাস্থ বিষখালী নদীতে মালবাহী ট্রলার ডুবির ঘটনায় অদ্য ৩য় দিনের উদ্ধার কাজ পরিচালনাকালীন ১০৫০ ঘটিকায় ০১ জন মৃত ব্যক্তির লাশ উদ্ধার করা হয়। মৃত ব্যক্তির নাম ও ঠিকানা - মোঃ পানু মিয়া, গ্রামঃ চল্লিশ কাউন্সে, পোঃ ৫ নং বড়ইয়া, থানাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠী)। অদ্যবধি নিখোঁজ ০১ জন ক্রু এর মৃতদেহ অনুসন্ধানে উদ্ধারকাজ অব্যাহত রয়েছে। উল্লেখ্য, স্থানীয় ইউএনও এবং ওসি নৌবাহিনীর টিম এর সাথে সমন্বয় করে উদ্ধারকার্য পরিচালনা করছে বলে জানা যায়।



৪। ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলার বিষখালি নদীতে সিমেন্টবাহী একটি ট্রলার ডুবির ঘটনায় ২ জনের মৃতদেহ উদ্ধার করেছে বাংলাদেশ নৌবাহিনী। আজ বৃহস্পতিবার (০১-০২-২০১৮) দুপুরে উদ্ধারকাজে নিয়োজিত নৌবাহিনীর ডুবুরি দল ট্রলারটির অবস্থান সনাক্ত করে এবং তাদের মৃতদেহ উদ্ধার করে। তারা হলেন ঝালকাঠি জেলার রাজাপুর থানার চল্লিশ কাইন্নে গ্রামের মোঃ পানু মিয়া এবং ভোলা জেলার লালমোহন থানার পূর্ব আশুলি গ্রামের মোঃ হাসান।

